



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমবায় অধিদপ্তর  
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩৯.২৩ (বিমা-০৬/২০২৩)- ২১৫ - ৬/৩

তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩২  
২২ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

যেহেতু জনাব জান্নাতুন নেছা, উপজেলা সমবায় কর্মকর্তা, বটিয়াঘাটা, খুলনা এর বিরুদ্ধে যথাক্রমে ০৫ (পাঁচ)টি অভিযোগ হলো: (১) জনাব জান্নাতুন নেছা, উপজেলা সমবায় কর্মকর্তা, বটিয়াঘাটা, খুলনা দায়িত্ব পালনে অবহেলার কারণে জনাব গোপীনাথ রায় ফ্যাসিলিটেটর (“উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন” প্রকল্পের আদায়কৃত ঋণ হতে ৭,৯০,৬১৩/- (সাতলক্ষ নব্বই হাজার ছয়শত তের টাকা) আত্মসাৎ করেছেন; (২) তিনি ঋণ আদায়কারী ও ফ্যাসিলিটেটর এবং ট্যাগ অফিসারকে যে সকল নির্দেশনা প্রদান করেছিলেন কোনটাই তারা প্রতিপালন করেন নি; (৩) ফ্যাসিলিটেটর এবং ট্যাগ অফিসার দায়িত্ব পালন না করলেও তিনি তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেন নি; (৪) তিনি ব্যাংক জমার স্লিপ দেখে প্রকল্পের ঋণ আদায়ের রিটার্নে স্বাক্ষর করেছেন কিন্তু ব্যাংক স্টেটমেন্ট দেখেন নি; (৫) তীর কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) অসদাচরণের পর্যায়ে উক্ত। বর্ণিত ০৫টি অভিযোগে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.১৮.০১৫.৯৭.(বিমা-০৬/২০২৩)-১২৫১(৪)-এ/ও, তারিখ: ১৬.১১.২০২৩ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে ০৬/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু তিনি জনাব জান্নাতুন নেছা ০৩/১২/২০২৩ তারিখে লিখিত জবাব দাখিল করেন, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নম্বর: ১৫৮৫(৭)-এ/ও, তারিখ: ১৯.১২.২০২৪ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহে পরিলক্ষিত হয় যে তীর দায়িত্বশীল আচরণ ও নিবিড় তদারকির অভাবে প্রকল্পের ঋণ আদায়সহ সার্বিক আর্থিক কার্যক্রম তীর দায়িত্বকালীন সময়ে পুঙ্খানুপুঙ্খ সুচারুরূপে পরিচালনা করতে ব্যর্থ হওয়ায় আর্থিক অনিয়মের সুযোগ সৃষ্টি হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন;

০৩। যেহেতু স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩৯.৯৭.(বিমা-০৬/২০২৩)-১৫১(৫)-এ/ও, তারিখ: ২৭.০১.২০২৬ মূলে শুনানির নোটিশ জারি করা হয় এবং ১৬.০২.২০২৬ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৪। যেহেতু অভিযুক্তের জবাব, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের ব্যক্তিগত শুনানি এবং অন্যান্য তথ্যাদি পর্যালোচনা করে বিশ্বাস জন্মেছে যে, অভিযুক্ত কোন অর্থের আত্মসাথে জড়িত নয় এবং তার এবং কৃত কার্যাবলী সরল বিশ্বাসে করেছেন;

০৫। যেহেতু অভিযুক্ত কর্তৃক কৃত কাজ সরল বিশ্বাসে সম্পাদন করা হয়েছে মর্মে প্রতীতি জন্মেছে এবং তীর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মতে অসদাচরণ এর অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু জনাব জান্নাতুন নেছা, উপজেলা সমবায় কর্মকর্তা, বটিয়াঘাটা, খুলনা-কে সতর্ক অন্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) মোতাবেক মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ ইসমাইল হোসেন  
নিবন্ধক ও মহাপরিচালক  
ফোন: ০২-৪৮১১৯৩০৫


মোঃ ইসমাইল হোসেন  
নিবন্ধক ও মহাপরিচালক  
ফোন: ০২-৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০২১.২২.(বিমা-১৪/২০২২)- ২২৫/২ (৫)-৬/৩

তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩২  
২২ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
৩. জেলা সমবায় অফিসার, খুলনা।
৪. সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. উপজেলা সমবায় অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
৬. জনাব জান্নাতুন নেছা, উপজেলা সমবায় কর্মকর্তা, বটিয়াঘাটা, খুলনা।



(মোঃ ইসমাইল হোসেন)  
নিবন্ধক ও মহাপরিচালক  
ফোন: ০২-৪৮১১৯৩০৫